আমিষেই শক্তি
আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-১ শাখা
www.mofl.gov.bd



নং- ৩৩.০০.০০০০.০০০.১১৭.১১.০০০১.২৬-৭৭৫

তারিখ : ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

প্রজ্ঞাপন

৪৫তম বিসিএস পরীক্ষা-২০২২ এর মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখের ৮০.০০.০০০০.২০২.৬৪.০১৬.২৫-১৭১ নম্বর পত্রের সুপারিশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ অক্টোবর ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০১৬.২৫-৫১৮ সংখ্যক প্রজ্ঞাপনের ১৭(ক) অনুচ্ছেদে বর্ণিত ভেটেরিনারি সার্জন/ সায়েন্টিফিক অফিসার/ লেকচারার/ স্টোর অফিসার/ সমমানের ২০ (বিশ) জন এবং ১৭(খ) অনুচ্ছেদে বর্ণিত সায়েন্টিফিক অফিসার/ লেকচারার/ প্রাণিপুষ্টি কর্মকর্তা/ অফিসার ইনচার্জ/ জু-অফিসার/ পাবলিসিটি অফিসার/ এ্যানিমেল প্রোডাকশন অফিসার/ পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার/ এসিসটেন্ট পোল্ট্রি এক্সটেনশন অফিসার/ সমমানের পদে ০৮ (আট) জন- সর্বমোট (২০+০৮)= ২৮ (আটাশ) জন কর্মকর্তাকে বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের প্রবেশ পদে জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুসারে ৯ম গ্রেডে টাকা ৪৪০০০-১০৫৯০০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

শর্তাবলী:

(ক) তাঁকে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ শেষে তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিসকাল অনূর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সাথে পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট একটি অঙ্গীকারনামা দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে। তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন।

(চ) চাকরি থেকে ইস্তফা দেওয়ার ক্ষেত্রে, তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ The public Demands Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৪৫তম বিসিএস পরীক্ষা-২০২২ এর ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) নিয়োগ পরবর্তী কোনো কর্মকর্তার বিরুদ্ধে কোনো রকম বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে তাঁর ক্ষেত্রে এই আদেশের প্রয়োজনীয় সংশোধন/ বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

(ঝ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঞ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা তাঁর পরিবারের কোনো সদস্য যৌতুক গ্রহণ করবেন না এবং যৌতুক প্রদান করবেন না;

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরির বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঠ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাঁর ও তাঁর পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাঁকে চাকরিতে যোগদানের সময় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে জমা দিতে হবে। এছাড়া ১৩(২) উপবিধি অনুযায়ী প্রতি পাঁচ বছর পর পর ডিসেম্বর মাসে প্রদর্শিত সম্পত্তির হ্রাস/বৃদ্ধির হিসাব বিবরণী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ড) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;

(ঢ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে **আগামী ১৬ কার্তিক ১৪৩৩/ ০১ নভেম্বর ২০২৬ তারিখ পূর্বাহ্নে** আবশ্যিকভাবে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদান করবেন। **নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।**

(ক) পদের নাম: ভেটেরিনারি সার্জন/ সায়েন্টিফিক অফিসার/ লেকচারার/ স্টোর অফিসার/ সমমান পদের= ২০ (বিশ) জন:

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নং	কর্মকর্তার নাম
০১	১	১৮০১৭২৫৫	অঞ্জন সমদ্দার
০২	২	১৮০০৪৭৬৩	আমির হামজা শুভ
০৩	৩	১৩০১৬৬৫৫	শারমিন আকতার
০৪	৪	১৮০১৪৩৬৯	মো. আবু বক্কর সিদ্দিক
০৫	৫	১৩০১৬৪৯৩	পল্লব দেব নাথ
০৬	৬	১৩০০১৯০৭	মাহিউন তালিব ইমন
০৭	৭	১৮০১৯৯৮৮	তারিকুল ইসলাম
০৮	৮	১৭০১৬১২৬	মোছাঃ মুমতাহিনা মিমু
০৯	৯	১৮০২২৭৬৭	সামছুন নাহার
১০	১০	১১০০৩০৪৫	মোঃ মহিউদ্দিন
১১	১১	১৮০০৪৬৩১	প্রণব পন্ডিত
১২	১২	১৮০০২৪১২	জাহিদ হাসান খান
১৩	১৩	১৮০০৯১৫১	পিয়াস জোয়ারদার
১৪	১৫	১৮০২৬০৭৬	শরিফা আক্তার
১৫	১৬	১৮০২৬৫৮৫	মোঃ শাখাওয়াত হোসেন
১৬	১৮	১৮০০৮৬৫০	মোঃ আশরাফুল ইসলাম
১৭	১৯	১১০৩৯৫০৩	সুমাইয়া পারভীন
১৮	২০	১৮০০৭০৩৯	মোঃ ফরিদ উজ্জামান
১৯	২১	১৭০০৯১৯৫	লিখন কুমার শীল
২০	২২	১৮০২৩৩৪৩	ফরহাদ হাসান

(খ) পদের নাম: সায়েন্টিফিক অফিসার/ লেকচারার/ প্রাণিপুষ্টি কর্মকর্তা/ অফিসার ইনচার্জ/ জু-অফিসার/ পাবলিসিটি অফিসার/ এ্যানিমেল প্রোডাকশন অফিসার/ পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার/ এসিসটেন্ট পোল্ট্রি এক্সটেনশন অফিসার/ সমমান পদ= ০৮ (আট) জন:

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নং	কর্মকর্তার নাম
০১	১	১৮০০৩৮১৭	নিশিত চন্দ্র ঘোষ
০২	২	১৮০২৪৫৩১	মেহেদী হাসান
০৩	৩	১৮০২১৪৭১	মোঃ তানভীর হাসান
০৪	৪	১৮০১৮২৯০	জিদনী হাসান জেবা
০৫	৫	১৮০২৬৪৬২	ইবনুল ফাইয়াজ
০৬	৬	১৮০০০৮৬১	মোঃ বিপ্লব মন্ডল
০৭	৭	১৮০১০৪৫১	মোঃ মেসবাহুল কামাল

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নং	কর্মকর্তার নাম
০৮	৮	১৮০০১৮৮০	মোহাম্মদ মামুনুর রশিদ

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৯/১০/২০২৬

পঙ্কজ বড়ুয়া
উপসচিব
টেলিফোন: ৫৫১০০৮১৮
E-mail:livestock-1@mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.০০০.১১৭.১১.০০০১.২৬-৭৭৫

তারিখ : ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

অনুলিপি, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৪। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৭। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিবের সদয় অবগতির জন্য]।
৯। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধসহ)।
১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল),.....।
১৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল), ...।
১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), ...।
১৫। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল).....।
১৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), ...।
১৮। জনাব,.....।
১৯। অফিস কপি।

২৯/১০/২০২৬

পঙ্কজ বড়ুয়া
উপসচিব